

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

নং-

/২০১৫-এস,সি (এডি)

তারিখঃ-

কোটেশন বিজ্ঞপ্তি

আপীল বিভাগে ব্যবহৃত সার্ভারসহ ১০০টি কম্পিউটারে ব্যবহারের জন্য ১ বৎসর মেয়াদী সার্ভার ভাউসন এন্টি ভাইরাস ক্রয় ও ইনস্টলেশনের নিমিত্ত প্রকৃত কম্পিউটার সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছে।


বিবরণ

Item/Description	Quantity
Kaspersky Internet Security (Select) Server Version with Installation (Latest version)	100 Users (Including Sarver)

শর্তাবলী

- আগামী ২০/১০/২০১৫ইং তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের প্রোগ্রামারের দপ্তরে রক্ষিত টেন্ডার বাস্তবে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২-৩০ ঘটিকায় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাস্তব খোলা হইবে।
- কোটেশনে মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে অত্র কর্তৃপক্ষের সহিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প কম্পিউটার সংশ্লিষ্ট এন্টি ভাইরাস এর ওয়ারেন্টি/গ্যারান্টি ও আনুষাংগিক শর্তাবলী সাপেক্ষে লিখিত চুক্তি সম্পাদন করিতে হইবে।
- সরবরাহকৃত এন্টি ভাইরাস এর ১ বৎসর সময়সীমা পর্যন্ত সম্পূর্ণ ওয়ারেন্টি/গ্যারান্টি প্রদান করিতে হইবে। ১ বৎসর পর প্রয়োজন হইলে পরবর্তী ১ বৎসরের জন্য রিনিউ করা যাইতে পারে। ওয়ারেন্টিকালে সরবরাহকৃত এন্টি ভাইরাস এর কোন প্রকার সমস্যা দেখা দিলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ৩(তিন) ঘন্টার মধ্যে অত্র কোর্টে আসিয়া সমাধান করিয়া দিতে হইবে।
- কোটেশনের সহিত মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে। ওয়ারেন্টি/গ্যারান্টি সময়সীমা পর্যন্ত এন্টি ভাইরাস সরবরাহকারী প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ দেওয়া হইবে না।
- সার্ভারসহ আপীল বিভাগে ব্যবহৃত নেটওয়ার্কের সহিত সংযুক্ত সবগুলি কম্পিউটারে এন্টিভাইরাস ইনস্টল করিয়া দিতে হইবে। প্রয়োজন হইলে অপারেটিং সিস্টেম ইনস্টলেশন করে এন্টি ভাইরাস ইনস্টলেশন করিতে হইবে। এন্টি ভাইরাস ইনস্টলেশন ও পরবর্তী কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়ে ২ (দুই) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করিতে হইবে। এই ক্ষেত্রে প্রয়োজনীয় টি.এ ও ডি.এ প্রদান করিতে হইবে।
- কার্যাদেশ প্রাপ্তির ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কোটেশনে উল্লেখিত এন্টি ভাইরাস সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করিতে হইবে এবং চালানসহ ৩(তিন) কপি বিল দাখিল করিতে হইবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণে বাধ্য নহেন এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে,


(জেমস্ রিচার্ড ক্রস)
ডেপুটি রেজিস্ট্রার

প্রচারের জন্যঃ

- নোটিশ বোর্ড, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, জুডিসিয়াল সার্ভিস কমিশন অফিস, ঢাকা।
- বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েব সাইট।